

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০১ টি টিম কর্তৃক বরিশাল মহানগরীর নখুল্লাবাদ এলাকায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৭/০১/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এর নেতৃত্বে ০১ টি তদারকি টিম বরিশাল মহানগরীর নখুল্লাবাদ এলাকার লুৎফর রহমান সড়ক এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী আর.এ.কে. ডিপার্টমেন্টাল স্টোরকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করা, মূল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭, ৩৮ ও ৫১ ধারা অনুযায়ী ৪,০০০/- টাকা জরিমানা আরোপ করেন এবং একই এলাকায় ক্যাডেট মাদ্রাসা স্টোরকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৫১ ধারা অনুযায়ী ৮,০০০/- টাকাসহ সর্বমোট ১২,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০১ টি অভিযানে ০২ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১২,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। বরিশাল মেট্রোপলিটন পুলিশের একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APR

১৭-১-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ইমেইল: dd-

barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা ।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল ।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল ।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল ।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয় ।
- ৭) অফিস কপি ।